

PRINT

সমকাল

আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর হামলা, উত্তাল ক্যাম্পাস

বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

১১ ঘণ্টা আগে

গোপালগঞ্জ প্রতিনিধি



গোপালগঞ্জে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (বশেমুরবিপ্রবি) উপাচার্যের পদত্যাগ দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর হামলা চালানো হয়েছে। গতকাল শনিবার সকাল ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের বাইরে গোবরা, সোনাকুড় ও নবীনবাগ এলাকায় এসব হামলার ঘটনা ঘটে। এতে বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রীসহ অন্তত ২০ শিক্ষার্থী আহত হয়েছেন। তাদের মধ্যে ১০ জনকে গোপালগঞ্জ জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। উপাচার্য

অধ্যাপক ড. খোন্দকার নাসিরউদ্দিনের নির্দেশে বহিরাগতরা এ হামলা চালিয়েছে বলে অভিযোগ করেছেন শিক্ষার্থীরা। তবে উপাচার্য এ অভিযোগ অস্বীকার করেছেন।

এদিকে, হামলার খবর বিশ্ববিদ্যালয়ে ছড়িয়ে পড়লে উত্তাল হয়ে ওঠে ক্যাম্পাস। শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে, জয় বাংলা চত্বর, মূল ফটকের সামনে বিক্ষোভ করেন। এ ঘটনায় বিভিন্ন স্থানে র‍্যাব ও পুলিশের টহল জোরদার করা হয়েছে। এর আগে সকালে শিক্ষার্থীদের আন্দোলনের মুখে আগামী ৩ অক্টোবর পর্যন্ত বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়। একই সঙ্গে শনিবার সকাল ১০টার মধ্যে শিক্ষার্থীদের হল ত্যাগের নির্দেশ দেওয়া হয়।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক মো. নূরউদ্দিন আহমেদ স্বাক্ষরিত এক চিঠিতে এ আদেশ জারি করা হয়। একই সঙ্গে বিশ্ববিদ্যালয়ে আইন-শৃঙ্খলা রক্ষায় ১৪৪ ধারা জারির জন্য জেলা প্রশাসক এবং প্রয়োজনীয় সংখ্যক পুলিশ মোতায়েনের জন্য পুলিশ সুপারকে অনুরোধ করা হয়েছে। তবে উপাচার্যের পদত্যাগের আগ পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছেন শিক্ষার্থীরা।

উদ্ধৃত পরিস্থিতিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে চলমান আন্দোলনের বিষয় খতিয়ে দেখতে তদন্ত কমিটি গঠন করার নির্দেশ দিয়েছেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল।

গতকাল হামলায় আহত শিক্ষার্থীদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের দ্বিতীয় বর্ষের আঁখি, কৃষি বিভাগের দ্বিতীয় বর্ষের মাসুকুর রহমান, তৃতীয় বর্ষের সীমান্ত, অর্থনীতি চতুর্থ বর্ষের নাফিস, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের দ্বিতীয় বর্ষের ফাহাদ, রসায়ন বিভাগের তৃতীয় বর্ষের রাকিব হোসেন, আশিকুর রহমান, ফিশারিজ বিভাগের দ্বিতীয় বর্ষের সৈকত, লোকপ্রশাসন বিভাগের দ্বিতীয় বর্ষের রুদ্র, পদার্থবিজ্ঞান বিভাগের তৃতীয় বর্ষের মাসুদ, শাহরিয়ার মিজান ও আল-আমিনের নাম জানা গেছে।

এদিকে, আন্দোলনরত শিক্ষার্থীরা অভিযোগ করে বলেছেন, শুক্রবার রাত থেকে হলে খাবার বন্ধ করে দেওয়া হয়েছে। শনিবার সকাল থেকে হলে বিদ্যুৎ ও পানির সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে।

আহত শিক্ষার্থীরা বলেন, গতকাল গোপালগঞ্জ শহর থেকে বিশ্ববিদ্যালয়ে আসার পথে উপাচার্যের নির্দেশে বহিরাগতরা নবীনবাগ, সোনাকুড় ও গোবরায় আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর হামলা চালায়। এতে ২০ জন আহত হন। এ সময় আত্মরক্ষায় অনেক শিক্ষার্থী পাশের ধানক্ষেতে আশ্রয় নেন। তারা বলেন, বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকসহ সব প্রবেশদ্বার বন্ধ করে দেওয়া হয়েছে। দুর্নীতিবাজ, ভর্তি ও নিয়োগ বাণিজ্যকারী উপাচার্য বিশ্ববিদ্যালয়কে শিক্ষার্থী ও শিক্ষক টর্চার সেলে পরিণত করেছেন। তিনি পদত্যাগ না করা পর্যন্ত শিক্ষার্থীরা আমরণ অনশন কর্মসূচি চালিয়ে যাবেন।

তবে উপাচার্য অধ্যাপক খোন্দকার নাসিরউদ্দিন শিক্ষার্থীদের অভিযোগ অস্বীকার করে বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা তার সন্তানের মতো। তাদের ওপর বহিরাগতদের দিয়ে হামলার প্রশ্নই ওঠে না।

রেজিস্ট্রার অধ্যাপক নূরউদ্দিন আহমেদ বলেন, বিশ্ববিদ্যালয়ে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে ২২ সেপ্টেম্বর থেকে আগামী ৩ অক্টোবর পর্যন্ত বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়েছে। শিক্ষার্থীদের শনিবার (গতকাল) সকাল ১০টার

মধ্যে হল ত্যাগের নির্দেশ দেওয়া হয়। এ জন্য হলের কার্যক্রম বন্ধ করা হয়েছে। জেলা প্রশাসককে ১৪৪ ধারা জারি ও পুলিশ সুপারকে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ক্যাম্পাসে মোতায়েনের জন্য অনুরোধ করা হয়েছে।

গোপালগঞ্জের অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মোহাম্মদ ছানোয়ার হোসেন বলেন, বিশ্ববিদ্যালয়ে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে।

এদিকে, গতকাল সন্ধ্যায় সংবাদ সম্মেলন করেছেন বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষকরা। শিক্ষক কোয়ার্টার প্রাঙ্গণে এ সংবাদ সম্মেলনে ১১৫ জন শিক্ষকের স্বাক্ষর সংবলিত লিখিত বক্তব্য পাঠ করেন কৃষি বিভাগের প্রভাষক মো. গোলাম ফেরদৌস। লিখিত বক্তব্যে তিনি বলেন, উদ্ভূত পরিস্থিতিতে শিক্ষার্থীদের ১৪টি দাবি মেনে নেওয়ার পরেও কতিপয় স্বার্থান্বেষী শিক্ষকের ইচ্ছনে শিক্ষার্থীদের আন্দোলন চলমান রয়েছে। এটি অনভিপ্রেত বলে সাধারণ শিক্ষকরা মনে করেন। শিক্ষার্থীদের ওপর হামলার বিষয়ে গোলাম ফেরদৌস বলেন, বিষয়টি তদন্ত করে দেখা হবে।

এ ছাড়া সংবাদ সম্মেলনে বিভিন্ন প্রশ্নের জবাব দেন ভারপ্রাপ্ত প্রক্টর ড. মো. বশিরউদ্দিন।

অন্যদিকে সাধারণ শিক্ষার্থীদের ওপর উপাচার্যের সমর্থকদের হামলার প্রতিবাদ ও নিন্দা জানিয়ে প্রক্টরিয়াল বডি থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দিয়েছেন সহকারী প্রক্টর সমাজবিজ্ঞান বিভাগের প্রভাষক মো. হুমায়ুন কবির।

শিক্ষার্থীদের ওপর হামলার নিন্দা জানিয়ে আন্দোলনের সঙ্গে একাত্মতা ঘোষণা করেছে গোপালগঞ্জ জেলা ছাত্রলীগ।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী এবং দ্য ডেইলি সানের ক্যাম্পাস প্রতিনিধি ফাতেমা-তুজ-জিনিয়াকে গত ১১ সেপ্টেম্বর সাময়িক বহিস্কার করে প্রশাসন। পরে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে কর্মরত সাংবাদিকদের আন্দোলনের মুখে গত বুধবার তার বহিস্কারাদেশ প্রত্যাহার করা হয়। ওই দিনই সাধারণ শিক্ষার্থীরা বিএনপি-জামায়াতপন্থি, অযথা বহিস্কার ও দুর্নীতিসহ ২০টি বিষয় উল্লেখ করে উপাচার্যের পদত্যাগ দাবিতে আন্দোলনে নামেন। বুধবার রাত থেকে আন্দোলন শুরু পর বৃহস্পতিবার রাতে প্রশাসনিক ভবনের সামনে শিক্ষার্থীরা অনশন কর্মসূচি শুরু করেন।

তদন্ত কমিটি গঠনের নির্দেশ : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগ দাবিতে চলমান আন্দোলনের বিষয় খতিয়ে দেখতে তদন্ত কমিটি গঠন করার নির্দেশ দিয়েছেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল। গতকাল মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিবকে এ নির্দেশ দেন তিনি। শিক্ষা মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা মোহাম্মদ আবুল খায়ের সমকালকে এ তথ্য জানান। আজ রোববার তদন্ত কমিটি গঠন করবে মন্ত্রণালয়।

হামলার প্রতিবাদে ঢাবিতে বিক্ষোভ সমাবেশ : বিশ্ববিদ্যালয় প্রতিবেদক জানান, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর হামলার প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ সমাবেশ করেছে বাংলাদেশ সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদ। গতকাল বিকেলে বিশ্ববিদ্যালয়ের রাজু ভাস্কর্যের সামনে এ

বিক্ষোভ সমাবেশে সংহতি জানিয়ে ডাকসু ভিপি ও ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদের যুগ্ম আহ্বায়ক নুরুল হক নুর বলেন, আজ পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে অরাজকতা চলছে। সারাদেশের ছাত্রসমাজকে ঐক্যবদ্ধ হতে হবে। শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থীদের ওপর হামলা চালালে এর ফল ভালো হবে না বলে এ সময় হুঁশিয়ারি দেন তিনি।

পরিষদের আহ্বায়ক হাসান আল মামুন বলেন, ছাত্রসমাজ বশেমুরবিপ্রবির উপাচার্যকে ঘৃণাভরে প্রত্যাখ্যান করছে।

সমাবেশে অন্যদের মধ্যে পরিষদের যুগ্ম আহ্বায়ক ফারুক হাসান, সোহেল, বিন ইয়ামিন মোল্লাহ, ডাকসুর সমাজসেবা সম্পাদক আখতার হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

খুলনায় বশেমুরবিপ্রবির প্রাক্তন শিক্ষার্থীদের মানববন্ধন :খুলনা ব্যুরো জানায়, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগের দাবি জানিয়ে খুলনায় মানববন্ধন ও সংবাদ সম্মেলনে করেছেন প্রাক্তন শিক্ষার্থীরা। গতকাল দুপুরে নগরীর পিকচার প্যালেস মোড়ে মানববন্ধন ও খুলনা প্রেস ক্লাবে সংবাদ সম্মেলন করেন তারা। বশেমুরবিপ্রবি প্রাক্তন শিক্ষার্থী ফোরাম, খুলনা এসব কর্মসূচির আয়োজন করে। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পড়ে শোনান বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী সম্রাট বিশ্বাস।

রাবি সাংবাদিকদের মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ :রাবি প্রতিনিধি জানান, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় ঢাকা-রাজশাহী মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ে কর্মরত সাংবাদিকরা। গতকাল বিকেল সাড়ে ৪টা থেকে ৫টা পর্যন্ত তারা এ কর্মসূচি পালন করেন। পরে একটি বিক্ষোভ মিছিল নিয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করা হয়।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com